



## মাদারীপুর থেকে অতিঃ পুলিশ সুপার জাকারিয়া গ্রেপ্তার



আজ শনিবার বিকাল আনুমানিক ০৪.০০ ঘটিকার সময় র্যাব-১০ এর একটি অভিযানিক টিমের সহায়তায় মাদারীপুর থেকে ভূয়া অতিঃ পুলিশ সুপার জাকারিয়া আহমদ তাপাদারকে গ্রেপ্তার করা হয়। জাকারিয়া আহমদ তাপাদার সিলেটের জকিগঞ্জ থানাধীন কসকনকপুর গ্রামের বাসিন্দা। তার নামে প্রতারণা, যৌতুক সহ ৫ এর অধিক মামলা রয়েছে। জাকারিয়া পূর্বে বিভিন্ন সময় মানুষকে হয়রানী ও অতিরিক্ত পুলিশ সুপার পরিচয়ে চাঁদাবাজি করে আসছিলেন। এছাড়া এই প্রতারক পুলিশ হেডকোয়ার্টারের অতিরিক্ত পুলিশ সুপার ক্রাইম ও অপারেশন পরিচয়ে একাধিক পুলিশ সদস্য থেকে চাঁদাবাজি করে আসছিলেন। তাকে গ্রেপ্তারের পর তার কাছ থেকে নিজস্ব ব্যবহৃত ছবি, নাম সহ একটি ভূয়া অতিঃ পুলিশ সুপারের পুলিশের আইডি কার্ড ও পুলিশ ক্যাপ উদ্ধার করে র্যাব-১০। তার ফোন জব্দ করে ব্যবহৃত হোয়াটসঅ্যাপ থেকে শতাধিক প্রতারণার প্রমাণ পাওয়া গেছে। এছাড়া তাকে গ্রেপ্তারের পর তার ফোন থেকে বিভিন্ন মোবাইল নাম্বারের লোকেশন ও সিডিআর পাওয়া যায়। পাশাপাশি পুলিশের বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তার সাথে যোগাযোগের সত্যতা পাওয়া যায় জাকারিয়ার বিরুদ্ধে। বর্তমানে এই প্রতারককে রূপগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে রূপগঞ্জ থানার ওসি লিয়াকত আলী জানান, সে পূর্বে এমন অনেক অপকর্মের সাথে জড়িত রয়েছে। তাকে গ্রেপ্তারের পর তার সাথে থাকা একটি ভূয়া আইডি কার্ড ও পুলিশের ক্যাপ উদ্ধার করা হয়েছে। তার বিরুদ্ধে আইনানুগ প্রক্রিয়া চলমান।